

## চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

Chattogram Water Suply & Sewerage Authority  
Wasa Office Building, Dampara, Chattogram.  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
ভান্ডালজুড়ি পানি সরবরাহ প্রকল্প



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নংঃ ৪৬.০৬.০০০০.৩২৫.০০৫.৯৪.২০২১/৪৪০

তারিখঃ ২৫/০৬/২০২৩ইং।

বিষয়ঃ চট্টগ্রাম ওয়াসা ভান্ডাল জুড়ি পানি সরবরাহ প্রকল্পের ২য় PIC (Project Implementation Committee) সভা অনুষ্ঠান প্রসংগে।

উন্নয়ন সহযোগী এক্সিম ব্যাংক দক্ষিণ কোরিয়ার প্রকল্প সহায়তায় চট্টগ্রাম ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন “ভান্ডাল জুড়ি পানি সরবরাহ প্রকল্প (১ম সংশোধনী)” গত ২৮/০১/২০২০ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্প বাস্তবায়নকাল অক্টোবর ২০১৫ হতে জুন ২০২৩ পর্যন্ত। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ১৯৯৫১৫.৫৭ (এক হাজার নয়শত পচানব্বই কোটি পনের লক্ষ সাতান্ন হাজার) লক্ষ টাকা, যার মধ্যে জিওবি, ১১৫০৬৫.৫৭ লক্ষ, চট্টগ্রাম ওয়াসা নিজস্ব তহবিল ২০০০.০০ লক্ষ এবং প্রকল্প সাহায্য ৮২৪৫০.০০ লক্ষ টাকা।

বর্ণিত প্রকল্পের আওতায় কর্ণফুলী নদীর বাম তীরে অবস্থিত আনোয়ারা, পটিয়া এবং বোয়ালখালী উপজেলার বিভিন্ন শিল্প-কলকারখানা এবং নিকটবর্তী এলাকায় বসবাসরত জনসাধারণের মাঝে পাইপের মাধ্যমে সুপেয় পানি সরবরাহ হবে। এতে চট্টগ্রাম শহরের বিভিন্ন শহরতলীতে বসবাসকারীদের জীবন মান বৃদ্ধি পাবে। এই প্রকল্পের আওতায় চট্টগ্রাম ওয়াসার ৬কোটি লিটার উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পাওয়ার পাশাপাশি দক্ষিণ চট্টগ্রামের আনোয়ারা, পটিয়া এবং বোয়ালখালীতে ১৩৩ কিলোমিটার ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন পাইপলাইন স্থাপন এবং ২টি স্থানে ১০০০০ ও ৩০০০ ঘন মিটার পানি ধারণ ক্ষমতা সম্পন্ন রিজার্ভার নির্মাণ করা হচ্ছে। স্থিতিশীল পানি সরবরাহ করার লক্ষ্যে আনোয়ারার চরপাথরঘাটা এলাকায় ডিস্ট্রিবিউশন পাইপলাইন স্থাপন এবং কর্ণফুলীর নদীর ডান ও বাম তীরের মাঝে আন্তঃসংযোগ কাজ সম্পাদন করা প্রয়োজন। ইতোমধ্যে মে'২০২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত প্রকল্পের আওতায় ৭৮% কাজ সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের কোরিয়ান ঠিকাদারের সহিত সম্পাদিত চুক্তিমূল্যের মাঝে কাজটি সম্পন্ন করার লক্ষ্যে একটি ডিজিটাল সভার আয়োজন করা হয়েছে। যার মিটিং আইডি পাসওয়ার্ড নিম্নরূপঃ

Meeting: 791 7464 4736

Passcode: CWASABJWSP

Time & Date: June 26, 2023 03:00pm

এমতাবস্থায়, চট্টগ্রাম ওয়াসার ভান্ডাল জুড়ি পানি সরবরাহ প্রকল্পের আওতায় নতুন ডিস্ট্রিবিউশন পাইপলাইন স্থাপন এবং কর্ণফুলীর নদীর দু-তীরের মাঝে আন্তঃসংযোগ কাজের পর্যালোচনের লক্ষ্যে উল্লেখিত সময়ে ডিজিটাল এপ্লিকেশন জুমের মাধ্যমে যুক্ত থেকে প্রয়োজনীয় মতামত প্রদানে অনুরোধ করা হলো।

(প্রকৌশলী এ,কে, এম ফজলুল্লাহ)

ব্যবস্থাপনা পরিচালক

চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১। উপ-সচিব (পরিচালনা-৩), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়।

২। আইএমইডি এর একজন প্রতিনিধি।

৩। ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন উইং-২, ভৌত অবকাঠামো বিভাগ, পরিচালনা কমিশনের একজন প্রতিনিধি।

৪। প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।

৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডসি), চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।

৬। উপ-প্রধান উন্নয়ন, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।

৭। প্রকল্প পরিচালক, ভান্ডাল জুড়ি পানি সরবরাহ প্রকল্প, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।

৮। সহকারী প্রধান উন্নয়ন, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।